গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা কমিশন
আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগ
জনসংখ্যা পরিকল্পনা ও সমন্বয় উইং।

নং-২০.২৩২.০১৪.০০.০০.২২৪.২০১৬-৩৭০ তারিখঃ ০৮ কার্তিক, ১৪২৩
২৩ অক্টোবর, ২০১৬

**বিষয়ঃ বিশেষ প্রকল্প মূল্যায়ন কমিটি (এসপিইসি)-এর সভার বিজ্ঞপ্তি**

শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের আওতায় আন্তর্জাতিক শ্রম সংস্থা (আইএলও) কর্তৃক বাস্তবায়নের জন্য প্রস্তাবিত "Promoting Social Dialogue and Harmonious Industrial Relations in Bangladesh Ready-Made Garment Industry" শীর্ষক কারিগরি সহায়তা প্রকল্পটি বিবেচনার লক্ষ্যে বিশেষ প্রকল্প মূল্যায়ন কমিটির (এসপিইসি) সভা পরিকল্পনা কমিশনের সদস্য জনাব আবদুল মান্নান-এর সভাপতিত্বে আগামী ২৭-১০-২০১৬ তারিখ সকাল ১০.০০ ঘটিকায় তাঁর সভা কক্ষে **(ব্লক #২, কক্ষ #১১)** অনুষ্ঠিত হবে।

২। সভার কার্যপত্র ও প্রকল্পের টিপিপি এতদসঙ্গে প্রেরণ করা হল।

৩। উল্লিখিত সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য/উপযুক্ত প্রতিনিধি (যুগ্ম-সচিব/যুগ্ম-প্রধান-এর নীচে নয়) প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

সংযুক্তি: বর্ণনামতে।

২৩/১০/১৬

(মোহাঃ আমানত আলী)
গবেষণা কর্মকর্তা
ফোনঃ ৯১৮০৯৯১

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)ঃ

১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। সিনিয়র সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।
৪। সচিব, আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয়, শেরে বাংলা নগর, ঢাকা।
৫। সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয় , ঢাকা।
৬। চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, সেগুন বাগিচা, ঢাকা।
৭। সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, বিসিবি ভবন, আগারগাঁও, ঢাকা।
৮। প্রধান, আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
৯। প্রধান, সাধারণ অর্থনীতি বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
১০। প্রধান, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
১১। প্রতিনিধি, আইএলও, বাংলাদেশ। (বাড়ীনং-১৬, রোডনং-৯৯, গুলশান-২, ঢাকা।)

সদয় অবগতির জন্য অনুলিপিঃ

১। উপ-সচিব (প্রটোকল শাখা), পরিকল্পনা বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।
( ২৫ জন কর্মকর্তার আপ্যায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো)।
২। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, পরিকল্পনা বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।( ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ সহ)
৩। সদস্য (আসাঅবি) মহোদয়ের একান্ত সচিব, আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগ ,পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
৪। বিভাগ-প্রধান, মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগ ,পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
৫। যুগ্ম-প্রধান (জনসংখ্যা পরিকল্পনা ও সমন্বয় উইং) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
৬। উপ-প্রধান (জনসংখ্যা পরিকল্পনা ও সমন্বয় উইং) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
৭। অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা কমিশন
আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগ
জনসংখ্যা পরিকল্পনা উইং

বিষয়ঃ এসপিইসি সভার জন্য কার্যপত্র

| | | | |
|---|---|---|---|
| ১। | প্রকল্পের নাম | : | "Promoting Social Dialogue and Harmonious Industrial Relations in Bangladesh Ready-Made Garment Industry" |
| ২। | সমন্বয়কারী মন্ত্রনালয় | : | শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় |
| ৩। | বাস্তবায়নকারী সংস্থা | : | আন্তর্জাতিক শ্রম সংস্থা (আইএলও) |
| ৪। | প্রকল্পের উদ্দেশ্য | : | প্রকল্পের উদ্দেশ্য হল মালিক ও শ্রমিকের মধ্যে সংলাপ-প্রক্রিয়ার প্রসার এবং সম্পর্ক উন্নয়নের মাধ্যমে শিল্প-বিরোধ প্রতিরোধ এবং সালিশ ও মধ্যস্থতা কার্যক্রমকে আরও গ্রহণযোগ্য, নির্ভরযোগ্য ও স্বচ্ছ করা।<br>প্রকল্পের সুনির্দিষ্ট উদ্দেশ্যসমূহ হলঃ<br>(১) সামাজিক সংলাপ, কর্মক্ষেত্রে সহযোগিতা এবং বিরোধ নিষ্পত্তির টেকসই উন্নয়ন;<br>(২) সালিশ ও মধ্যস্থতার টেকসই ও কার্যকর পদ্ধতি প্রতিষ্ঠা;<br>(৩)লিঙ্গ-সমতার বিষয়ে সজাগ থাকাসহ সামাজিক সংলাপ এবং বিরোধ-নিরোধ ও নিষ্পত্তির লক্ষ্যে মালিক ও শ্রমিক সংগঠনের সক্ষমতা বৃদ্ধি। |
| ৫। | প্রকল্পের প্রাক্কলিত ব্যয় | : | ৬৬০২.০৭ কোটি টাকা |
| ৬। | প্রকল্পের অর্থায়ন | : | সুইডেন ও ডেনমার্ক সরকার । জিওবি বরাদ্দ নেই। |
| ৭। | প্রকল্পের মেয়াদ | : | এপ্রিল ২০১৬ থেকে মার্চ ২০২১ |
| ৮। | চলতি বার্ষিক উন্নয়ন কর্মসূচীতে অন্তর্ভুক্ত | : | ২০১৬-১৭ অর্থবছরের এডিপিতে অন্তর্ভুক্ত নেই। |
| ৯। | বছরভিত্তিক প্রস্তাবিত বরাদ্দঃ | | বছর — প্রস্তাবিত বরাদ্দ (লক্ষ টাকায়) ( প্রকল্প সাহায্য)<br>(ক) ১ম বছর — ৫১৯.৯২<br>(খ) ২য় বছর — ২০০২.০৪<br>(গ) ৩য় বছর — ১৬২৭.৪০<br>(৪) ৪র্থ বছর — ১২৩৭.৪৭<br>(৫) ৫ম বছর — ১২১৬.২৪ |
| ১০। | প্রকল্পের সংক্ষিপ্ত পরিচিতি | : | |
| | | | বাংলাদেশের পোশাক শিল্প খাত ১৯৮০ সন থেকে দ্রুত প্রসারমান। এ শিল্পে বর্তমানে প্রায় ৪০ লাখ মানুষ নিযুক্ত, যার প্রায় ৮০% নারী। তবে শিল্পখাতের এই প্রবৃদ্ধির সঙ্গে পাল্লা দিয়ে শ্রম-বাজার সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহের বৃদ্ধি ঘটেনি। যার ফলে কর্মক্ষেত্রের পরিবেশ ও শ্রম অধিকার নিশ্চিত করতে নানাবিধ সমস্যা হচ্ছে। যার দ্রুত সমাধান দরকার।<br>পোশাক কারখানায় ২০১২ ও ২০১৩ সনে ঘটা কয়েকটি দুর্ঘটনার পরিপ্রেক্ষিতে আন্তর্জাতিক শ্রম সংস্থা (আইএলও)-এর সহযোগিতায় বাংলাদেশ সরকার বেশ কিছু কর্মসূচী গ্রহণ করে; যার লক্ষ্য ছিল কর্মক্ষেত্রে নিরাপত্তা, কর্ম-পরিবেশ এবং কর্মক্ষেত্রে শ্রমিক ও মালিকের সংগঠিত হওয়া, দর-কষাকষি এবং সংলাপসহ শ্রম-অধিকারের উন্নয়ন।<br>দেশে শ্রম আইনের সংশোধনসহ শ্রমক্ষেত্রে উল্লেখযোগ্য উন্নয়ন হলেও এই অগ্রগতিকে ধরে রাখতে অব্যাহত উদ্যোগ দরকার।<br>আইএলও-এর বিভিন্ন কারিগরি সহযোগিতামূলক প্রকল্প পরিচালনার ফলে পোশাক শিল্পখাতে নিরাপত্তা, কর্ম-পরিবেশ এবং শ্রম-অধিকারের যে অগ্রগতি হয়েছে তার উপর ভিত্তি করেই প্রস্তাবিত এই প্রকল্পের কার্যক্রম।<br>এই প্রকল্প দ্বারা যারা উপকৃত হবেঃ<br>সরকারঃ শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় ও শ্রম পরিদপ্তর;<br>মালিকপক্ষঃ বাংলাদেশ এমপ্লয়ার্স ফেডারেশন, বাংলাদেশ গার্মেন্ট মানুফ্যাকচারার্স এন্ড এক্সপোর্টারস অ্যাসোসিয়েশান এবং বাংলাদেশ নীটওয়ার মানুফ্যাকচারার্স এন্ড এক্সপোর্টারস অ্যাসোসিয়েশান।<br>শ্রমিক পক্ষঃ ন্যাশনাল কো-অরডিনেশন কমিটি ফর ওয়ারকার্স এডুকেশন (এনসিসিডবলু) এবং ইন্ডাস্ট্রিয়াল বাংলাদেশ কাউন্সিল (আইবিসি)। |

| | | | |
|---|---|---|---|
| [illegible] | মূল কার্যক্রম | : | |
| | | | 1) Capacity building of unions and employers on social dialogue in 150 enterprises with newly formed unions;<br>2) Introduce and scaling up of a systematic approach on workplace cooperation in 350 non-unionize and medium-size RMG factories;<br>3) A simple and effective grievance handling procedure will be developed in 500 enterprises;<br>4) A trusted pool of national conciliators will be established;<br>5) A group of 15-20 conciliators with the Director of Labour will get specialize training on conciliation;<br>6) A transparent mechanism (hotline) will be established for receiving, recording and handling disputes;<br>7) A credible, efficient and transparent system of arbitration will be developed and a pool of arbitrators will be created;<br>8) Training programmes on international labour standard, (ILS), labour rights, women's rights at the workplace, negotiation, collective bargaining, and dispute mitigation will be conducted for human resources managers from the 500 participating enterprises.<br>9) A "Workers' Resource Centre" will be established which will act as a centre of excellence for workers training and awareness building. |
| ৯। | প্রকল্পের অংগভিত্তিক ব্যয় | : | পরিশিষ্ট- ক'তে দেয়া হল। |

৯.০ পরিকল্পনা কমিশনের মন্তব্যঃ

৯.১ আলোচ্য প্রকল্পটি ২০১৬-১৭ অর্থ বছরের এডিপিতে অন্তর্ভূক্ত নেই। প্রকল্পটি এডিপিতে অন্তর্ভূক্ত করণের জন্য ইতোপূর্বে প্রস্তাব না করার কারন মন্ত্রণালয় সভাকে অবহিত করতে পারে।

৯.২ শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় কর্তৃক এ ধরনের একটি প্রকল্প বর্তমানে চলমান আছে। একই ধরনের আরেকটি প্রকল্প আইএলও কর্তৃক গ্রহনের কারন মন্ত্রণলয় সভাকে অবহিত করতে পারে।

৯.৩ প্রকল্পটির বাস্তবায়নকারী সংস্থা হিসেবে আন্তর্জাতিক শ্রম সংস্থা (আইএলও) কে দেখানো হয়েছে। বাস্তবায়নকারী সংস্থা হিসেবে স্বয়ং মন্ত্রণালয় অথবা মন্ত্রণালয়ের আওতাধীন কোন সরকারী সংস্থাকে রাখা যেতে পারে।

৯.৪ প্রকল্পের জন্য ২২৮ জন অফিসার ও ৭১ জন স্টাফসহ ২৯৯ জনের জনবল প্রস্তাব করা হয়েছে। এ জনবলের জন্য অর্থ বিভাগের জনবল সম্পর্কিত কমিটির সুপারিশ গ্রহণ করা হয়নি। উক্ত কমিটির সুপারিশ ব্যতিরেকে এত বৃহৎ সংখ্যক জনবল রাখার বিধান নেই। এ বিষয়ে সভায় আলোচনাক্রমে সিদ্ধান্ত গ্রহণ করা আবশ্যক।

৯.৫ টিপিপি পৃষ্ঠা-৩১ এ কোড নং-৪৫০১ এ প্রকল্প অফিসারদের বেতন বাবদ ১৭৭২.৩৬ লক্ষ টাকা বরাদ্দ প্রস্তাব করা হয়েছে এবং প্রকল্প সহায়ক কর্মচারীদের ভাতা বাবদ ৭৩.১৮ লক্ষ টাকা সহ সর্বমোট ১৮৪৫.৫৩ লক্ষ টাকা প্রস্তাব করা হয়েছে যা মোট বরাদ্দের ২৭.৯৫%। এ ব্যয় অধিক বলে মনে হয়। এ বিষয়ে সভায় আলোচনাক্রমে সিদ্ধান্ত নেয়া যেতে পারে।

৯.৬ টিপিপি পৃষ্ঠা-৩১ এ কোড নং- ৪৮০১ এ মিশন ট্রাভেল ( প্রকল্প স্টাফ) এর ব্যয় বাবদ ৫০.৯৪ লক্ষ টাকা এবং মিশন ট্রাভেল (নন প্রকল্প পারসোনাল) ব্যয় বাবদ ৯৭.৯৭ লক্ষ টাকা সহ সর্বমোট ১৪৮.৯১ লক্ষ বরাদ্দ প্রস্তাব করা হয়েছে। এ ব্যয় কোথায়ও কিভাবে ব্যয় হবে সে বিষয়ে বিস্তারিত সভাকে অবহিত করা যেতে পারে।

৯.৭ প্রকল্পের টিপিপি (পৃষ্ঠা-৩১) এ কোড-৪৮৭৪ তে আন্তর্জাতিক পরামর্শক ব্যয় বাবদ ১৮০.২৬ লক্ষ টাকা এবং স্থানীয় পরামর্শক ব্যয় বাবদ ৫৬.২২ লক্ষ টাকা সহ মোট ২৩৬.৪৮ লক্ষ বরাদ্দ ধরা হয়েছে। এ ব্যয়ের বিষয়ে মন্ত্রণালয় সভাকে অবহিত করতে

পারে।

৯.৮ সার্ভিস কন্ট্রাক্ট (স্টাডি ও রিসার্চ) বাবদ ৪৮৯৩ কোডে ৮৯৫.৮৩ লক্ষ টাকা বরাদ্দ প্রস্তাব করা হয়েছে। এ ব্যয় হ্রাস করা যেতে পারে।

৯.৯ ক্যাপাসিটি বিল্ডিং থ্রু ট্রেনিং সেমিনার ওয়ার্কশপ বাবদ ৪৮৪০ কোডে ২১৯০.৩৬ লক্ষ টাকা বরাদ্দ প্রস্তাব করা হয়েছে। কিন্তু ট্রেনিং ওয়ার্কশপ সেমিনারের কোন সংখ্যা উল্লেখ করা হয়নি। অথচ এ ব্যয় মোট বরাদ্দের ৩৩.১৭% । এ ব্যয়ের যৌক্তিকতার বিষয়ে সভায় আলোচনা করা যেতে পারে।

৯.১০ টিপিপি পৃষ্ঠা-৫৮ এ পিপিআর-২০০৩ উল্লেখ করা হয়েছে যা সঠিক নয়। এটি সংশোধন করা প্রয়োজন।

৯.১১ প্রকল্পের জন্য প্রোগাম সাপোর্ট ব্যয় (১৩%) বাবদ ৬৩০.০৩ লক্ষ টাকা এবং প্রভিশন ফর কস্ট ইনক্রিস ( ৫% আইএলও স্ট্যান্ডার্ড) বাবদ ২২৭.৮৩ লক্ষ টাকা বরাদ্দ রাখা হয়েছে। এ ব্যয় কি এবং কেন, সে বিষয়ে সভায় আলোচনাক্রমে সিদ্ধান্ত গ্রহন করা প্রয়োজন। কস্ট ইনক্রিস রাখতে হবে। প্রাইস কন্টিনজেন্সি খাতে মূলধন ব্যয়ের ১-২% বরাদ্দ রাখা হয় এবং তা ব্যয় করতে ডিএসপিইসি/এসপিইসি এর অনুমোদন নিতে হবে।

৯.১২ আলোচ্য প্রকল্পের নাম বাংলায় লিপিবদ্ধ করতে হবে এবং ইংরেজি শিরোনাম বন্ধনীতে উল্লেখ করতে হবে।

(সামীম আহমদ খান)
যুগ্ম-প্রধান
জনসংখ্যা পরিকল্পনা ও সমন্বয় উইং

পরিশিষ্ট-ক

| বাজেট হেড | অর্থনৈতিক কোড | কোডের বর্ণনা | ভৌত সংখ্যা | জিওবি | প্রাক্কলিত ব্যয় (লক্ষ টাকায়) প্রকল্প সাহায্য আরপিএ | | ডিপিএ | মোট | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
| (ক) রাজস্ব ব্যয় | ৪৫০০ | অফিসারের বেতন | | | | | | | |
| | ৪৫০১ | অফিসারের বেতন | ২২৮ | - | | | ১৭৭২.৩৬ | ১৭৭২.৩৬ | |
| | ৪৬০১ | প্রকল্প সহায়ক কর্মচারী | ৭১ | | | | ৭৩.১৮ | ৭৩.১৮ | |
| উপ-মোট | | | ২৯৯ | | | | ১৮৪৫.৫৩ | ১৮৪৫.৫৩ | |
| | ৪৮০০ | সরবরাহ এবং সেবা | | | | | | | |
| | ৪৮০১ | মিশন ট্রাভেল (প্রকল্প স্টাফ) | | | | | ৫০.৯৪ | ৫০.৯৪ | |
| | ৪৮০১ | মিশন ট্রাভেল (নন প্রকল্প পারসনাল) | | | | | ৯৭.৯৭ | ৯৭.৯৭ | |
| | ৪৮০৬ | অফিস ভাড়া | ৬০ | | | | ১৪০.৬৮ | ১৪০.৬৮ | |
| | ৪৮২৮ | স্টেশনারী/সানড্রাই | | | | | ৩৩.২৩ | ৩৩.২৩ | |
| | ৪৮৪০ | ক্যাপাসিটি বিল্ডিং ট্রেনিং সেমিনার ওয়ার্কশপ | | | | | ২১৯০.৩৬ | ২১৯০.৩৬ | |
| | ৪৮৭৪ | আন্তর্জাতিক পরামর্শক | | | | | ১৮০.২৬ | ১৮০.২৬ | |
| | ৪৮৭৪ | স্থানীয় পরামর্শক | | | | | ৫৬.২২ | ৫৬.২২ | |
| | ৪৮৮১ | নিরাপত্তা সার্ভিস | | | | | ৪৩.৯৭ | ৪৩.৯৭ | |
| | ৪৮৮৬ | মনিটরিং এবং ইভালুয়েশন | | | | | ৮৬.৫৭ | ৮৬.৫৭ | |
| | ৪৮৯৩ | সার্ভিস কন্ট্রাক্ট (স্টাডি ও রিসার্চ) | | | | | ৮৯৫.৮৩ | ৮৯৫.৮৩ | |
| | উপমোট | | | | | | ৬৫৭১.২৬ | ৬৫৭১.২৬ | |
| | ৪৯০০ | মেরামত, সংরক্ষণ ও পুর্ণবাসন | | | | | | | |
| | ৪৯১১ | অফিস সরঞ্জাম সংরক্ষণ ও পুর্ণবাসন | | | | | ২০.৭৭ | ২০.৭৭ | |
| | উপমোট: | | | | | | ২০.৭৭ | ২০.৭৭ | |
| মোট রাজস্ব ব্যয় (ক) | | | | | | | ৫৬৪২.৩২ | ৫৬৪২.৩২ | |
| মূলধন ব্যয় | ৬৮০০ | সম্পদ সংগ্রহ/ক্রয় | | | | | | | |
| | ৬৮০১ | সম্পদ সংগ্রহ | | | | | - | - | |
| | ৬৮১৯ | যন্ত্রপাতি | | | | | ৩১.৩৫ | ৩১.৩৫ | |
| | ৬৮২১ | আসবাবপত্র | | | | | ৭০.৫৪ | ৭০.৫৪ | |

| | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| উপমোট: মূলধন ব্যয় (খ) | | | | | | | ১০১.৮৯ | ১০১.৮৯ | |
| মোট (ক+খ) | | | | | | | ৫৭৪৪৪.২১ | ৫৭৪৪৪.২১ | |
| (গ) প্রোগ্রাম সাপোর্ট ব্যয় (১৩%) | | | | | | | ৬৩০.০৩ | ৬৩০.০৩ | |
| (ঘ) প্রভিশন ফর কস্ট ইনক্রিস (৫% আইএলও স্ট্যান্ডার্ড) | | | | | | | ২২৭.৮৩ | ২২৭.৮৩ | |
| সর্বমোট(ক+খ+গ+ঘ) | | | | | | | ৬৬০২.০৭ | ৬৬০২.০৭ | |